গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী

এবং

মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

## সূচিপত্র


| | | |
|---|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | | |
| উপক্রমণিকা | | |
| সেকশন ১ | রূপকল্প(Vision), অভিলক্ষ্য(mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ০৫ |
| সেকশন ২ | বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব | ০৬ |
| সেকশন ৩ | কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ০৭-১০ |
| | | |
| **সংযোজনী ১** | **শব্দ-সংক্ষেপ** | ১২ |
| **সংযোজনী ২** | কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি | ১৩-১৪ |
| **সংযোজনী ৩** | কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১৫ |

# উপক্রমনিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী
এবং

মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

## আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, রাজশাহী এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the Regional Controller of Food, Rajshahi)

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ :**

খাদ্য অধিদপ্তরের সহযোগিতায় আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী এর উদ্যোগের ফলে উল্লিখিত সময়ে বাজারে খাদ্যশস্যের সরবরাহ এবং বাজার মূল্য স্থিতিশীল ছিল। বিগত ৩ বছরে অভ্যন্তরীণ উৎস হতে মোট ১২.১৫ লাখ মে.টন চাল সংগ্রহ করা হয়েছে। এছাড়া প্রায় ৮.৪২ লাখ মে.টন খাদ্যশস্য (চাল ও গম) সামাজিক উন্নয়নমূলক খাতসহ বিভিন্ন খাতে বিতরণ করা হয়েছে। কৃষকদের অধিক হারে প্রণোদনা প্রদানের লক্ষ্যে গত ৩ বছরে ১.৩৯ লাখ মে.টন ধান সরাসরি কৃষকের নিকট হতে ক্রয় করে কৃষকের ব্যাংক একাউন্টে মূল্য পরিশোধ করা হয়েছে। হতদরিদ্র জনসাধারণকে স্বল্পমূল্যে খাদ্য সহায়তা দেয়ার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকারমূলক খাদ্য বান্ধব কর্মসূচি গৃহীত হয়েছে। এ কর্মসূচির মাধ্যমে বিভাগে প্রায় ৭.৭৩ লাখ পরিবারকে বছরের ৫ মাস প্রতি কেজি মাত্র ১০ টাকা দরে মাসে ৩০ কেজি করে চাল সরবরাহ করা হচ্ছে। বর্তমানে সরকারি খাদ্য গুদামের ধারণক্ষমতা ৩,৫৪,২৫০ মে. টন হতে বৃদ্ধি করে ৩,৭৮,৯০০ মে.টনে উন্নীত করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :**

ক্রমবর্ধমান জনসংখ্যা, বিদ্যমান দারিদ্র্য ও অপুষ্টি দূরীকরণে কার্যকর খাদ্য ব্যবস্থাপনা পরিচালনা এবং সরকারি পরিকল্পনা ও বাজেট অনুযায়ী আপতকালীন খাদ্য নিরাপত্তা মজুত গড়ে তোলা এবং মজুতকৃত খাদ্যশস্য নিষ্পত্তির (Innovative) কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা :**

২০২১ সালের মধ্যে গুদামের ধারণক্ষমতা ৪.০০ লক্ষ মে.টনে উন্নীতকরণ। অব্যাহত প্রশিক্ষণ ও অবকাঠামো উন্নয়নের মাধ্যমে খাদ্য ব্যবস্থাপনার সক্ষমতা বৃদ্ধিকরণ। সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে পুষ্টি সমৃদ্ধ খাদ্য বিতরণ ও জলবায়ু পরিবর্তনের অভিযোজন অন্তর্ভূক্ত করে নিম্ন আয়ের জনগণ বিশেষ করে তৈরি পোষাক শিল্প, ৪র্থ শ্রেণী কর্মচারী, স্বল্প আয়ের বৃহৎ শিল্প শ্রমিক ও গ্রামীণ জনগণের জন্য নিয়মিত কর্মসূচিতে স্বল্পমূল্যে খাদ্যশস্য বিতরণ সময়োপযোগীকরণ। সরকারি পর্যায়ে খাদ্যশস্য সংগ্রহ, বিতরণ কার্যক্রম ও অফিস ব্যবস্থাপনায় ডিজিটাল সিস্টেম প্রবর্তণ।

**২০২০-২০২১ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- মাত্র ১০ টাকা কেজি দরে ৭.৭৩ লাখ পরিবারের মধ্যে ১.১৫ লাখ মে.টন খাদ্যশস্য সুষ্ঠভাবে বিতরণ;
- কৃষকদের প্রণোদনা মূল্য প্রদান এবং খাদ্য নিরাপত্তা ব্যবস্থা সুদৃঢ়করণের লক্ষ্যে ৫.৫০ লাখ মে.টন খাদ্যশস্য সংগ্রহ;
- বাজারমূল্য স্থিতিশীল রাখার স্বার্থে সামাজিক নিরাপত্তা খাতে ও স্বল্পমূল্যে খাদ্যশস্য বিরতণ কর্মসূচীতে ১.৫ লাখ মে.টন খাদ্যশস্য বিতরণ;
- বাজারমূল্য স্থিতিশীল ও প্রাপ্যতা নিশ্চিতকরণের জন্য ওএমএস খাতে ০.৪০ লাখ মে.টন খাদ্যশস্য বিতরণ;
- গুদামের ধারণক্ষমতা ৪.০০ লাখ মে. টনে উন্নীত করণ।

## সেকশন-১:

কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রমানুসারে:

১.১ রূপকল্প (Vision):

সবার জন্য পর্যাপ্ত ও পুষ্টিকর খাদ্য।

১.২ অভিলক্ষ্য (Mission):

সমন্বিত নীতি-কৌশল বাস্তবায়ন এবং সরকারি খাদ্য ব্যবস্থাপনার মাধ্যমে সবার জন্য পর্যাপ্ত ও পুষ্টিকর খাদ্য সরবরাহ নিশ্চিত করা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ: (Strategic Objectives)

**১.৩.১ খাদ্য অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

১. কৃষকদের প্রণোদনা মূল্য প্রদান নিশ্চিতকরণ এবং খাদ্যশস্যের নিরাপত্তা মজুদ গড়ে তোলা;

২. খাদ্যশস্য ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ;

৩. সামাজিক নিরাপত্তা খাতে ও স্বল্প মূল্যে খাদ্যশস্য বিতরণ;

৪. খাদ্যশস্যের বাজার মূল্য স্থিতিশীল রাখা ও প্রাপ্যতা নিশ্চিতকরণ;

৫. নিরাপদ খাদ্যশস্য সরবরাহ ও পুষ্টি পরিস্থিতির উন্নয়ন।

**১.৩.২ খাদ্য অধিদপ্তরের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিতকরণ;
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি;
৩ .আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন ।

**১.৪ খাদ্য অধিদপ্তরের কার্যাবলি (Functions):**

১. সরকারি খাদ্য ব্যবস্থাপনা ও নীতি-কৌশল বাস্তবায়ন ও খাদ্য নিরাপত্তা ব্যবস্থা সুদৃঢ়করণ;
২. খাদ্যশস্যের আমদানি-রপ্তানি ও বেসামরিক সরবরাহ ব্যবস্থাপনা;
৩. খাদ্যশস্য (ধান-চাল ও গম) সংগ্রহ, মজুদ, চলাচল ও বিতরণ ব্যবস্থাপনা;
৪. খাদ্যশস্যের বাজার মূল্যের স্থিতিশীলতা আনয়ন ও পুষ্টি সম্মৃদ্ধ খাদ্যের প্রাপ্যতা সহজলভ্যকরণ;
৫. পর্যাপ্ত খাদ্যশস্য মজুদ, সংরক্ষণ, খাদ্যের মান পরীক্ষা ও রক্ষণাবেক্ষণ।

# সেকশন ২

## আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব

| চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact) | চূড়ান্ত ফলাফল সূচক (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত অর্জন* | | লক্ষ্যমাত্রা ২০২০-২০২১ | প্রক্ষেপন | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ | | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | | |
| কৃষকদের প্রণোদনা মূল্য প্রদান নিশ্চিতকরণ | চালের সংগ্রহ মূল্য এবং উৎপাদন খরচের অনুপাত | অনুপাত | ১.১১ | ১.১১ | ১.১১ | ১.১১ | ১.১০ | কৃষি মন্ত্রণালয় | এফপিএমইউ |
| | গমের সংগ্রহ মূল্য এবং উৎপাদন খরচের অনুপাত | অনুপাত | ১.০৩ | ১.০৩ | ১.০৩ | ১.০৩ | ১.০৩ | কৃষি মন্ত্রণালয় | এফপিএমইউ |
| সামাজিক নিরাপত্তা খাতে খাদ্যশস্য বিতরণ | খাদ্যবান্ধব কর্মসূচিতে বাজার মূল্য ও চালের মূল্যের অনুপাত | অনুপাত | ২.৯৪ | ৩.৬৯ | ৩.১৫ | ৩.১৫ | ৩.১৫ | কৃষি মন্ত্রণালয় | এফপিএমইউ |
| সাশ্রয়ী মূল্যে দরিদ্র মানুষের খাদ্যশস্য প্রাপ্তি | চালের ওএমএস মূল্য এবং বাজার মূল্যের অনুপাত | অনুপাত | ১.০১ | ০.৮১ | ০.৮১ | ০.৮২ | ০.৮৩ | কৃষি মন্ত্রণালয় | এফপিএমইউ |
| | গমের ওএমএস মূল্য এবং বাজার মূল্যের অনুপাত | অনুপাত | ০.৭০ | ০.৬৬ | ০.৬৬ | ০.৬৭ | ০.৬৮ | কৃষি মন্ত্রণালয় | এফপিএমইউ |
| পুষ্টি পরিস্থিতির উন্নতি | অপুষ্টি হ্রাস | % | ১৫.২০ | ১৪.৮০ | ১৪.৬০ | ১৪.৫০ | ১৪.৪০ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | ডব্লিউএইচও/ এফপিএমইউ |

## সেকশন -৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগতউদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্ম সম্পাদন সূচক | একক | কর্ম সম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২০২১ | | | | | প্রক্ষেপন ২০২১-২২ | প্রক্ষেপন ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতিমান | চলতি মানেরনিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| [১] কৃষকদের প্রণোদনা মূল্য প্রদান নিশ্চিতকরণ এবং খাদ্যশস্যের নিরাপত্তা মজুত গড়ে তোলা | ৩০ | [১.১] চাল সংগ্রহ | সংগৃহীত চাল | লাখ মেঃটন | ১২ | ৫.৯৪ | ২.৭৪ | ৩.৯০ | ৩.৫১ | ৩.১২ | ২.৭৩ | ২.৩৪ | ৪.০০ | ৪.২০ |
| | | [১.২] বছর শেষে ন্যুনতম মজুত গড়ে তোলা | মজুদকৃত খাদ্যশস্য | লাখ মেঃটন | ৬ | ৩.৮৪ | ২.২৫ | ৩.০০ | ২.৭০ | ২.৪০ | ২.১০ | ১.৮০ | ৩.১০ | ৩.৩০ |
| | | [১.৩] গম সংগ্রহ | সংগৃহীত গম | লাখ মেঃটন | ৪ | ০.১৬ | ০.১৩ | ০.৩০ | ০.২৭ | ০.২৪ | ০.২১ | ০.১৮ | ০.৪০ | ০.৫০ |
| | | [১.৪] নতুন গুদাম ও অন্যান্য আনুষঙ্গিক নির্মাণ | নির্মিত স্থাপনার সংখ্যা | সংখ্যা | ৪ | ১৭ | ১৩ | ১১ | ১০ | ৯ | ৮ | ৭ | ১২ | ১৩ |
| | | [১.৫] গুদাম রক্ষণাবেক্ষণ ও মেরামত | মেরামতকৃত স্থাপনার সংখ্যা | সংখ্যা | ৪ | ১৮ | ১১ | ৪২ | ৩৮ | ৩৪ | ৩০ | ২৫ | ৪২ | ৪৫ |
| [২] খাদ্যশস্য ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ | ২০ | [২.১] উর্ধ্বতন কর্মকর্তাদের পরিদর্শনের সংখ্যা | পরিদর্শনর সংখ্যা | সংখ্যা | ২ | ১৫ | ৩০ | ৭৫ | ৬৮ | ৬০ | ৫৩ | ৪৫ | ৮০ | ৮৫ |
| | | [২.২] পরিবদর্শন প্রতিবেদন | পরিবদর্শনপ্রতিবেদনের উপর গৃহিত ব্যবস্থা | % | ২ | ৭০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [২.৩] গুদাম ঘাটতি হ্রাস | ঘাটতির হার (সীমার মধ্যে) | % | ২ | ০.৩৪ | ০.৩৫ | ০.২৮ | ০.৩১ | ০.৩৫ | ০.৪০ | ০.৪৬ | ০.২৮ | ০.২৮ |
| | | [২.৪] পরিবহন ঘাটতি হ্রাস | ঘাটতির হার (সীমার মধ্যে) | % | ২ | ০.১১৬ | ০.১২৩ | ০.০৮৬ | ০.০৯৫ | ০.১০৭ | ০.১২৩ | ০.১২৫ | ০.১০৯ | ০.০৯৪ |
| | | [২.৫] PIMS ডাটাবেস হালনাগাদকরণ (পোস্টিং, প্রশিক্ষণ ইত্যাদিসহ) | প্রতি মাসে হালনাগাদ-করণের প্রতিবেদন | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [২.৬] অডিট সফটওয়্যার ডাটাবেজে তথ্য এন্ট্রি ও হালনাগাদকরণ | হালনাগাদের হার | % | ২ | - | - | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | [২.৭] নিজ দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদকরণ | হালনাগাদের হার | % | ২ | - | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [২.৮] নিজ দপ্তরে সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান | সেবা প্রদানের হার | % | ২ | - | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [২.৯] মুভমেন্ট প্রোগ্রামিং সফটওয়ার ব্যবহার | বাস্তবায়নের হার | % | ২ | - | - | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [২.১০] মামলার ডাটাবেস হালনাগাদ | হালনাগাদের হার | % | ২ | - | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| [৩] সামাজিক নিরাপত্তা খাতে ও স্বল্পমূল্যে খাদ্যশস্য বিতরণ | ১০ | [৩.১] খাদ্যবান্ধব কর্মসূচি | বিতরণকৃত পরিমাণ | লাখ মেঃটন | ৬ | ১.১৬ | ১.৩৯ | ১.১৫ | ১.০৩ | ০.৯২ | ০.৮০ | ০.৬৯ | ১.১৫ | ১.১৫ |
| | | [৩.২] ত্রাণমূলক খাতে খাদ্যশস্য সরবরাহ | সরবরাহকৃত পরিমাণ | লাখ মেঃটন | ৪ | ১.৩০ | ১.৩০ | ১.৩০ | ১.১৭ | ১.০৪ | ০.৯১ | ০.৭৮ | ১.৩০ | ১.৩৫ |
| [৪] খাদ্যশস্যের বাজারমূল্য স্থিতিশীল ও প্রাপ্যতা নিশ্চিতকরণ | ৮ | [৪.১]জরুরী গ্রাহক খাতে খাদ্যশস্য বিক্রয় (ইপি) | বিক্রিতপরিমাণ | লাখ মেঃটন | ৪ | ০.২৩ | ০.২১ | ০.২৫ | ০.২৩ | ০.২০ | ০.১৮ | ০.১৫ | ০.২৮ | ০.৩০ |
| | | [৪.২] খোলাবাজারে খাদ্যশস্য বিক্রি | বিক্রিত পরিমাণ | লাখ মেঃটন | ৪ | ০.১৯ | ০.১৯ | ০.৪০ | ০.৩৬ | ০.৩২ | ০.২৮ | ০.২৪ | ০.৪৫ | ০.৫০ |
| [৫] নিরাপদ খাদ্যশস্য প্রাপ্তি ও পুষ্টি পরিস্থিতির উন্নয়ন | ৭ | [৫.১] অনুপুষ্টি সমৃদ্ধ চাল সরবরাহ | সরবরাহকৃত পরিমাণ | হাজার মেঃটন | ৫ | ৫.৩ | ১৯.৬ | ২৫ | ২২.৫ | ২০ | ১৭.৫ | ১৫ | ২৫ | ৩০ |
| | | [৫.২] খাদ্যের মান পরীক্ষা | পরীক্ষিত নমুনার সংখ্যা | সংখ্যা | ২ | ৩৭ | ৪৬ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫৫ | ৬০ |

## আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান-২০২০-২০২১ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Under of Fair) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১১ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | - | - | - |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনের সঙ্গে মতবিনিয়ম | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | - | - | - |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | [২.২] উদ্ভাবনী/ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন | [২.২.১] ন্যূনতম একটি উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ চালকৃত | সংখ্যা | ২ | ১৫-২-২১ | ২০-২-২১ | ২৫-২-২১ | ২৮-২-২১ | - |
| | | [২.৩] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সংখ্যা | ২ | ৪০ | ৩০ | ২০ | ১০ | - |
| | | | [২.৩.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সংখ্যা | ১ | ৫ | ৪ | - | - | - |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | [২.৪] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৪.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ণ | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি/বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |
| | | [৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তি তালিকা উর্ধ্বতন অফিসে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তি তালিকা উর্ধ্বতন অফিসে প্রেরণ | % | ১ | ১৫-১২-২০ | ১৪-০১-২১ | ১৫-২-২১ | - | - |

আমি, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের খাদ্য অধিদপ্তরের মহাপরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, খাদ্য অধিদপ্তরের মহাপরিচালক আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

............................................
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
রাজশাহী

২০.০৭.২০২০
..................................
তারিখ

২০/০৭/২০
............................................
মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর

সারোয়ার মাহমুদ
মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

20, জুলাই, 2020 খ্রি
..................................
তারিখ

<u>সংযোজনী-১:</u>

**শব্দ সংক্ষেপ**

| ক্রঃ নং | আদ্যক্ষর | বর্ণনা |
|---|---|---|
| ১ | এফএও | ফুড এন্ড এগ্রিকালচারাল অর্গানাইজেশন |
| ২ | এফএফডব্লিউ | ফুড ফর ওয়ার্ক |
| ৩ | এফপিসি | ফেয়ার প্রাইস কার্ড |
| ৪ | এফপিএমইউ | ফুড প্লানিং এন্ড মনিটরিং ইউনিট |
| ৫ | জিআর | গ্রাটিসাস রিলিফ |
| ৬ | এমআইএস | ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম |
| ৭ | ওএমএস | ওপেন মার্কেট সেল |
| ৮ | টিআর | টেষ্ট রিলিফ |
| ৯ | ভিজিডি | ভালনারেবল গ্রুপ ডেভলপমেন্ট |
| ১০ | ভিজিএফ | ভালনারেবল গ্রুপ ফিডিং |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | [১.১] চাল সংগ্রহ | সংগৃহীত চাল | নিরাপত্তামূলক খাদ্য মজুদ সংরক্ষণের জন্য অভ্যন্তরীণ উৎস হতে চাল সংগ্রহ করা হয়। এ কার্যক্রম বাস্তবায়নের ফলে উৎপাদক কৃষকগণকে তাদের উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য প্রাপ্তির সুযোগ বৃদ্ধি করা হয়। | খাদ্য অধিদপ্তর | বার্ষিক প্রতিবেদন, খাদ্য অধিদপ্তর | |
| | [১.২] গম সংগ্রহ | সংগৃহীত গম | দেশে গমের উৎপাদন চাহিদার তুলনায় কম হওয়ায় সরকারি খাদ্য বিতরণ ব্যবস্থায় গম বিতরণ নির্বিঘ্ন রাখার জন্য নিজস্ব সম্পদে সরকার টু সরকার বা আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে বিদেশ থেকে খাদ্য অধিদপ্তর কর্তৃক গম আমদানী করতে হয়। | খাদ্য অধিদপ্তর | চুক্তি ও shipment lot ভিত্তিক Final Discharge Report (FDR) | |
| | [১.৩] বছর শেষে ন্যূনতম মজুদ গড়ে তোলা | মজুদকৃত খাদ্যশস্য | জলবায়ু পরিবর্তনজনিত উৎপাদন ঝুকি বিশেষতঃ প্রাকৃতিক দুর্যোগ, খরা, বন্যা ইত্যাদি কারণে ফসলহানির ফলে সম্ভাব্য প্রতিকুল পরিস্থিতি মোকাবেলার জন্য আপতকালীন মজুদ হিসেবে বছর শেষে খাদ্যশস্যের স্থিতির পরিমান ১০ লক্ষ মেট্রিক টন সংরক্ষণ করা হয়। | খাদ্য অধিদপ্তর | বার্ষিক বাস্তব যাচাই প্রতিবেদন (APVR) | |
| ২ | [২.১] ইউনিয়ন পর্যায়ে খাদ্যবান্ধব কর্মসূচি | বিতরণকৃত পরিমাণ | কর্মাভাবকালে হতদরিদ্র জনগোষ্ঠীকে খাদ্যবান্ধব কর্মসূচীর মাধ্যমে বছরে ৫ মাসব্যাপি প্রতি কেজি ১০টাকা দরে প্রতি মাসে ৩০কেজি করে চাল সরবরাহ পূর্বক খাদ্য নিরাপত্তায় ভুমিকা রাখা | খাদ্য অধিদপ্তর | বার্ষিক প্রতিবেদন | |
| | [২.২] ত্রাণমূলক খাত খাদ্যশস্য সরবরাহ | সরবরাহকৃত পরিমাণ | বাজারে খাদ্যশস্যের মূল্য স্থিতিশীল রাখা, খাদ্যশস্যের প্রাপ্যতা সহজলভ্যকরণ এবং সরকারি খাদ্য বিতরণব্যবস্থা বিশেষতঃ সামাজিক নিরাপত্তা (পিএফডিএস) কর্মসূচীতে বাজেট বরাদ্দ ও চাহিদা অনুযায়ী চাল ও গম সরবরাহ করা হয়। | খাদ্য অধিদপ্তর | বার্ষিক প্রতিবেদন | |
| ৩ | [৩.১]উর্দ্ধতন কর্মকর্তাদের পরিদর্শনের সংখ্যা | পরিদর্শনের সংখ্যা | খাদ্য অধিদপ্তরের কর্মকর্তাগণ কর্তৃক মাঠ পর্যায়ের স্থাপনাসমূহ নিয়মিত পরিদর্শনের মাধ্যমে প্রচলিত বিধি বিধান প্রতিপালন করা। | খাদ্য অধিদপ্তর | পরিদর্শন প্রতিবেদন | |
| | | পরিদর্শন প্রতিবেদনের উপর গৃহীত ব্যবস্থা | খাদ্য অধিদপ্তরের কর্মকর্তাগণ কর্তৃক মাঠ পর্যায়ের স্থাপনাসমূহ নিয়মিত পরিদর্শনের উপর দাখিলকৃত প্রতিবেদনের উপর গৃহীত ব্যবস্থা | খাদ্য অধিদপ্তর | পরিদর্শন প্রতিবেদন | |
| ৪ | [৪.১] নতুন গুদাম ও অন্যান্য আনুষঙ্গিক নির্মাণ | নির্মিত স্থাপনার সংখ্যা | উপজেলা ও জেলা পর্যায়ের গুদাম, অফিস ও স্থাপনা নির্মাণ করা ও মজুত সক্ষমতা বৃদ্ধি। | খাদ্য অধিদপ্তর | বার্ষিক প্রতিবেদন, খাদ্য অধিদপ্তর | |
| | [৪.২] গুদাম রক্ষণাবেক্ষণ ও মেরামত | মেরামতকৃত স্থাপনার সংখ্যা | খাদ্য নিরাপত্তার অন্যতম অনুসংগ খাদ্যশস্য মজুদের জন্য পর্যাপ্ত ধারণক্ষমতা বৃদ্ধি। ধারনক্ষমতা অক্ষুন্নরাখার লক্ষ্যে সারাদেশে পুরাতন ও জরাজীর্ণ ফ্লাট গুদাম মেরামত ও রক্ষণাবেক্ষন করতে হয়। | খাদ্য অধিদপ্তর | এডিপি বাস্তবায়ন অগ্রগতি | |
| ৫ | [৫.১] জরুরী গ্রাহক খাতে খাদ্যশস্য বিক্রয় | বিক্রিত পরিমাণ | দেশের নিরাপত্তা ও আইন শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত বাহিনীতে কর্মরতদের জন্য চাল ও গম বিক্রয় করা। | খাদ্য অধিদপ্তর | বার্ষিক প্রতিবেদন। | |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | [৫.২] খোলাবাজারে খাদ্যশস্য বিক্রি | বিক্রিত পরিমাণ | বাজারে খাদ্যশস্য বিশেষতঃ চাল ও আটার মূল্য উর্দ্ধগতি রোধকল্পে সরকারি গুদাম থেকে পরিকল্পনামাফিক খাদ্যশস্য ছাড় করে বাজার মূল্য নিয়ন্ত্রণ করা হয়। এ পরিকল্পনার অধীনে খোলাবাজারে ওএমএস পদ্ধতিতে বিক্রয় করা হয়। | খাদ্য অধিদপ্তর | বার্ষিক প্রতিবেদন | |
| ০৬. | [৬.১] অনুপুষ্টি সমৃদ্ধ চাল সরবরাহ | সরবরাহকৃত পরিমাণ | লক্ষ্যমূখী কর্মসূচীতে চাল বিতরণ এবং ইউনিয়ন পর্যায়ে সুলভ মূল্য কার্ড কর্মসূচীর মাধ্যমে অনুপুষ্টি সমৃদ্ধ চাল সরবরাহ করা হবে। | খাদ্য অধিদপ্তর | বার্ষিক প্রতিবেদন | |
| | [৫.২] খাদ্যের মান পরীক্ষা | পরীক্ষিত নমুনার সংখ্যা | খাদ্য অধিদপ্তর তার পরীক্ষাগারে সংগৃহীত নমুনা পরীক্ষা করে থাকে। সারা বছর এ ধরণের পরীক্ষিত নমুনার সংখ্যাসুচক হিসেবে নেয় হয়েছে। | খাদ্য অধিদপ্তর | খাদ্য অধিদপ্তরের আইডিটিএস বিভাগের প্রতিবেদন | |

## সংযোজনী-৩ অন্য দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | মজুদকৃত খাদ্যশস্য | বিভিন্ন কর্মসূচিতে বিতরণের সম্ভাব্য পরিমাণ | মজুদ গড়ে তোলার লক্ষ্যে শুরুতেই কার্যক্রম গ্রহণ | সরকারের সামাজিক নিরাপত্তা বেষ্টনি কর্মসূচী যথাযথ বাস্তবায়নের মাধ্যমে সার্বিক খাদ্য নিরাপত্তায় ভূমিকা রাখা। | পরিকল্পনা বাস্তবায়নে বিরূপ প্রভাব পড়তে পারে |
| স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সংগৃহীত গম, সংগৃহীত চাল | বাস্তবায়ন সহযোগিতা | সংগ্রহ কমিটির সদস্য | জনগুরুত্বপূর্ণ কার্যক্রম হিসেবে ধান, চাল-গম সংগ্রহ কার্যক্রম/অভিযান সুষ্ঠুভাবে বাস্তবায়নে ভূমিকা রেখে উৎপাদনকারী কৃষকদের ন্যায্যমূল্য প্রদান এবং আপদকালীন মজুদ গড়ে তুলতে সহায়তা প্রদান। | সংগ্রহ কার্যক্রম ব্যাহত হবে |
| গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ধারণ ক্ষমতা বর্ধিত, মেরামতকৃত ধারণ ক্ষমতা | নির্মাণ ও পুনর্বাসনে কারিগরী সহায়তা | মান সম্মত আধুনিক প্রযুক্তি নির্ভর নতুন গুদাম নির্মাণ ও পুরাতন গুদাম মেরামতে সহায়তা | সংরক্ষিত খাদ্যশস্যে পুষ্টিমান বজায় রেখে দীর্ঘদিন মজুদ করা এবং গুদাম ঘাটতি হ্রাস করা। | লক্ষ্যমাত্রা অর্জিত হবেনা |
| মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | বিতরণকৃত পরিমাণ | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের বরাদ্দপত্র | চাহিদার বিপরীতে বিতরণের জন্য বরাদ্দপত্র জারি | সুবিধাভোগী শ্রেণী বিশেষ করে মহিলাদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে জীবন মান উন্নয়ন করার লক্ষ্যে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি নিশ্চিত করা। | বরাদ্দ না থাকলে বিতরণ লক্ষমাত্রা অর্জিত হবেনা |
| পানি সম্পদ মন্ত্রণালয় | বিতরণকৃত পরিমাণ | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের বরাদ্দপত্র | চাহিদার বিপরীতে বিতরণের জন্য বরাদ্দপত্র জারি | উপকূলীয় ও হাওর অঞ্চল এবং নদী ভাংগন এলাকায় বাধ নির্মাণ ও বেষ্টনী নির্মাণের মাধ্যমে সুবিধাভোগীদের সুরক্ষা ও সক্ষমতা বৃদ্ধি। | বরাদ্দ না থাকলে বিতরণ লক্ষমাত্রা অর্জিত হবেনা |
| প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | বিতরণকৃত পরিমাণ | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের বরাদ্দপত্র | চাহিদার বিপরীতে বিতরণের জন্য বরাদ্দপত্র জারি | শিশুদের পুষ্টি ও স্বাস্থ্যের মানোন্নয়নে ভূমিকা রাখা। | বরাদ্দ না থাকলে বিতরণ লক্ষমাত্রা অর্জিত হবেনা |